নৃত্যের তালে তালে, নটরাজ,     ঘুচাও ঘুচাও ঘুচাও সকল বন্ধ হে ।
সুপ্তি ভাঙাও, চিত্তে জাগাও   মুক্ত সুরের ছন্দ হে ॥
তোমার চরণপবনপরশে   সরস্বতীর মানসসরসে
যুগে যুগে কালে কালে   সুরে সুরে তালে তালে
ঢেউ তুলে দাও, মাতিয়ে জাগাও অমলকমলগন্ধে হে ॥
নমো নমো নমো—
তোমার নৃত্য অমিত বিত্ত ভরুক চিত্ত মম ॥

নৃত্যে তোমার মুক্তির রূপ, নৃত্যে তোমার মায়া,
বিশ্বতনুতে অণুতে অণুতে কাঁপে নৃত্যের ছায়া ।
তোমার বিশ্ব-নাচের দোলায় দোলায়   বাঁধন পরায় বাঁধন খোলায়
যুগে যুগে কালে কালে   সুরে সুরে তালে তালে,
অন্ত কে তার সন্ধান পায় ভাবিতে লাগায় ধন্দ হে ॥
নমো নমো নমো—
তোমার নৃত্য অমিত বিত্ত ভরুক চিত্ত মম ॥

নৃত্যের বশে সুন্দর হল বিদ্রোহী পরমাণু,
পদযুগ ঘিরে জ্যোতিমঞ্জীরে বাজিল চন্দ্র ভানু ।
তব নৃত্যের প্রাণবেদনায়   বিবশ বিশ্ব জাগে চেতনায়
যুগে যুগে কালে কালে   সুরে সুরে তালে তালে,
সুখে দুখে হয় তরঙ্গময় তোমার পরমানন্দ হে ॥
নমো নমো নমো—
তোমার নৃত্য অমিত বিত্ত ভরুক চিত্ত মম ॥

মোর সংসারে তাণ্ডব তব কম্পিত জটাজালে।
লোকে লোকে ঘুরে এসেছি তোমার নাচের ঘূর্ণিতালে ।
ওগো সন্ন্যাসী, ওগো সুন্দর,   ওগো শঙ্কর, হে ভয়ঙ্কর,
যুগে যুগে কালে কালে   সুরে সুরে তালে তালে,
জীবন-মরণ-নাচের ডমরু বাজাও জলদমন্দ্র হে ॥
নমো নমো নমো—
তোমার নৃত্য অমিত বিত্ত ভরুক চিত্ত মম ॥

---